

আগামী কাল এসএসসি

পরীক্ষা শুরু

ইত্তেকাক রিপোর্ট ॥ আগামীকাল (সোমবার) দেশের ৪টি শিক্ষা বোর্ডের ১৯৯৪ সালের এসএসসি পরীক্ষা একযোগে শুরু হইবে। দেশের ৬৪৪টি পরীক্ষা কেন্দ্রে ৯ হাজার ৪৩৫টি বিদ্যালয়ের মোট ৬ লক্ষ ৯২ হাজার ৭৪১ জন ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় অংশগ্রহণ করিবে। ইহাদের মধ্যে ঢাকা বোর্ডে ২ লক্ষ ২২ হাজার ২৭৪ জন, কুমিল্লা বোর্ডে ১ লক্ষ ৭০ হাজার ৪৮১ জন, রাজশাহী বোর্ডে ১ লক্ষ ৬২ হাজার ৮৬১ জন এবং

যশোর বোর্ডে ১ লক্ষ ৩৭ হাজার ১২৫ জন ছাত্র-ছাত্রী রহিয়াছে। কেন্দ্রীয় শিক্ষক সংঘামে লিয়াজোঁ কমিটি পরীক্ষা প্রাপ্ত করিবে না বলিয়া সিদ্ধান্ত ঘোষণা করিয়াছে। অপরদিকে আন্দোলনরত শিক্ষক সমিতির (নজরুল- আশৰাফ), বাংলাদেশ শিক্ষক ফোরাম, কর্মচারী ফেডারেশনসহ বেশ কয়েকটি শিক্ষক সংগঠন পরীক্ষা প্রাপ্তবের কথা ঘোষণা করিয়াছে। পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে (১৩পঃ দ্রঃ)

আগামীকাল এসএসসি

(১ম পৃঃ পর)

সরকারীভাবে ব্যাপক উদ্যোগ প্রচল করা হইয়াছে। সরকারী স্কুল, সরকারী কলেজ, পি.টি.আই, পলিটেকনিক ইনসিটিউট, শিক্ষা অফিসের বিভিন্ন কর্মকর্তাসহ বিভিন্ন সরকারী অফিসের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ পরীক্ষা প্রাপ্তবের কাজে সহায়তা করিবেন।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লতিফের রহমান বলেন, স্বৃষ্টি ও দুনীতিযুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনার জন্য ইতিমধ্যেই সকল কেন্দ্রে প্রশংসন্ত পাঠানো হইয়াছে। এডমিনিস্ট্রেশন বিভাগ করা হইয়াছে ছাত্র-ছাত্রীদের মধ্যে। শিক্ষকদের একটি অংশ ধর্মস্থলে ধারায় বিকল্প কর্তব্যে কেন্দ্র সচিব, পরিদর্শক ও অন্যান্য কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হইয়াছে। প্রতিটি জেলা সদরে দুইজন প্রশিক্ষিত কর্মকর্তা জেলা, থানা ও কেন্দ্র পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ দিয়াছেন। দেশের সকল পরীক্ষা কেন্দ্রে আইন-শুঁখনা রক্ষার লক্ষ্যে কেন্দ্রের ২ শত গজের মধ্যে ১৪৪ ধারা বলুৎ ধারিবে। ঢাকা মহানগর পুলিশ জানায়, পরীক্ষা বহিভূত কোন ব্যক্তিকে পরীক্ষার হলের আশেপাশে চুকিতে দেওয়া হইবে না। ২ শত গজের মধ্যে অনুর্ধ্ব ৪ জনের জমায়েত মিষ্টিক করা হইয়াছে।

বরিশাল অফিস ॥ জেলোয় ১৬টি মূলকেন্দ্র ও ৫টি উপকেন্দ্র এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের আয়োজন সম্প্রসরণ হইয়াছে। বরিশাল শহরে ৫টি উপকেন্দ্রসহ মোট ৬টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। কেন্দ্রগুলি হইতেছে: সরকারী সৈয়দ হাতেম আলী কলেজ, সরকারী বরিশাল কলেজ, সরকারী মহিলা কলেজ, সরকারী বালিকা বিদ্যালয়, জেলা স্কুল ও উদয়ন ইনসিটিউট। প্রথমোক্ত ২টি কলেজের শিক্ষকেরা পরিদর্শকের দায়িত্ব পালনে রাজী হইয়াছেন। পরীক্ষার্থীর সংখ্যা এই শহরে মোট ৩৮৪২ জন।